West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

পঞ্চম পত্র

Duration : 4 Hours Full Marks : 100

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। সনেট কাকে বলে ? পেত্রার্কীয় সনেট এবং সেক্সপীয়রীয় সনেটের মধ্যে পার্থক্য কি ? মধুসূদন দত্ত কোন্ রীতিতে সনেট রচনা করেছিলেন উদাহরণসহ আলোচনা করুন। ৪ + ৪ + ১২ = ২০

অথবা

উদাহরণসহ যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করুন ঃ ১০ + ১০ = ২০

(ক) পত্রকাব্য (খ) মহাকাব্য (গ) গাথাকাব্য।

২। 'বীরাঙ্গনা' কাব্যের আঙ্গিক বৈশিষ্ট্য আলোচনা ক'রে এটিকে কোন্ জাতীয় কাব্য বলা যায়, তার পরিচয় দিন। ১৬

অথবা

'নীলধ্বজের প্রতি জনা' পত্রকবিতায় জনার বীরাঙ্গনা সত্তার পরিচয় দিন। চরিত্রটি সৃষ্টিতে মধুসূদনের কৃতিত্ব বিচার করুন। ১৬

৩। 'সোনার তরী' কাব্যের 'বসুন্ধরা' কবিতায় কবির বিশ্বপ্রীতি শেষ পর্যন্ত বিশ্বাত্মবোধে কীভাবে উপনীত হয়েছে তা আলোচনা করুন। ১৬

অথবা

"দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা" — পৃথিবী এবং স্বর্গকে এক ক'রে দেখার এই অনুভূতি " বৈষ্ণব কবিতা " অবলম্বনে ব্যাখ্যা করুন। ১৬

৪। "আমার কৈফিয়ৎ" কবিতায় কবি কার কাছে কিসের কৈফিয়ৎ দিয়েছেন। কবিতাটি অবলম্বনে কবির জীবনদর্শনের পরিচয় দিন। ৬ + ১০ = ১৬

অথবা

কবি নজরুল ইসলামের "দারিদ্র্য" কবিতাটি অবলম্বন করে কবির মানবিক এবং দার্শনিক সত্তার পরিচয় দিন। ১৬

৫। "বধূ" কবিতায় কবি সুভাষ মুখোপাধ্যায়ের যে আক্ষেপ ও বেদনা প্রতিধ্বনিত হয়েছে তার কারণ ব্যাখ্যা করুন। ১৬

অথবা

কল্লোল যুগের রবীন্দ্রবিরোধী পটভূমিতে 'রবীন্দ্রনাথের প্রতি' কবিতায় বুদ্ধদেব বসুর রবীন্দ্রতর্পণ কতখানি গুরুত্বপূর্ণতা বিশ্লেষণ করুন। ১৬

৬। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করুন ঃ ১৬

বলো দেখি মোরে, শুধাই তোমায়
অপরিচিতা —
ওই যেথা জ্বলে সন্ধ্যার কূলে
দিনের চিতা,
ঝলিতেছে জল তরল অনল,
গলিয়া পড়িছে অম্বরতল
দিকবধূ যেন ছলছল-আঁখি
অশ্রুজলে,
হোথায় কি আছে আলয় তোমার
ঊর্মিমুখর সাগরের পার
মেঘচুম্বিত অস্তগিরির
চরণতলে ?
তুমি হাস শুধু মুখপানে চেয়ে
কথা না বলে।

অথবা

আজকে অনেক রূঢ় রৌদ্র ঘুরে প্রাণ
পৃথিবীর মানুষকে মানুষের মতো
ভালোবাসা দিতে গিয়ে তবু
দেখেছি আমারি হাতে হয়তো নিহত
ভাই বোন বন্ধু পরিজন প'ড়ে আছে ;
পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন ;
মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।

কেবলি জাহাজ এসে আমাদের বন্দরের রোদে
দেখেছি ফসল নিয়ে উপনীত হয় ;
সেই শষ্য অগণন মানুষের শব ;
শব থেকে উৎসারিত স্বর্ণের বিস্ময়
আমাদের পিতা বুদ্ধ কনফুশিয়সের মতো আমাদেরো প্রাণ
মূক ক'রে রাখে ; তবু চারিদিকে রক্তক্লান্ত কাজের আহ্বান।

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

Duration : 4 Hours | Full Marks : 100

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। ক) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে গ্রাম ও শহরের দ্বন্দ্বময়তার সঙ্গে মিশেছে মানবমনের নিগূঢ় প্রেমের সংরাগ — উপন্যাসটি বিশ্লেষণ করে আপনার অভিমত ব্যক্ত করুন। ১৫

অথবা

খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে আপন স্বাতন্ত্র্যে বিশিষ্ট দুটি মানুষের দেখা আমরা পেয়েছি — একজন পরাজিত কুসুম, অপরজন মতি। — এই চরিত্র দুটির পারস্পরিক সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলোচনা করুন।

$৭\frac{১}{২} + ৭\frac{১}{২} = ১৫$

২। ক) বীরসা চেয়েছিল অরণ্যের অধিকার। — এই 'অরণ্যের অধিকার' বলতে কী বোঝায় ? উপন্যাসের এই নামকরণ কতদূর সার্থক হয়েছে, আলোচনা করুন। ৫ + ১০ = ১৫

অথবা

খ) একদিকে ইতিহাসের মিথ, অন্যদিকে রক্তমাংসের বীর যোদ্ধা, দু'য়ের নিপুণ সমন্বয়ে নির্মিত হয়েছে বীরসার চরিত্র — আলোচনা করুন। ১৫

৩। ক) অতিপ্রাকৃত গল্প হিসেবে 'ক্ষুধিত পাষাণ' — এর সার্থকতা বিচার করুন। ১৫

অথবা

খ) "সে নির্জন দ্বিপ্রহরের মতো শব্দহীন এবং সঙ্গীহীন" — রবীন্দ্রনাথের ছোটগল্প অবলম্বনে এই নিঃশব্দ নিঃসঙ্গ চরিত্রটির পরিচয় পরিস্ফুট করুন। ১৫

৪। ক) 'মেঘমল্লার' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করুন। ১৫

অথবা

খ) 'অবতরণিকা' গল্পে নিম্নবিত্ত ঘরের বধূ আরতির লড়াই ঘরে ও বাইরে — বাঙালি বধূর এই দ্বিবিধ সংগ্রামের পরিচয় দিন। ১৫

৫। ক 'আদাব' গল্পে সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের পরিচয়টি কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করুন। ১৫

অথবা

খ) 'মতিলাল পাদরী' গল্পে খ্রিস্টজন্মের তথাকথিত ও পরিচিত কাহিনীর মিথ ভেঙে এক দেশি খ্রিস্টান পাদরির চরিত্র নির্মাণে যে অসাধারণ মাত্রা যোগ করেছেন লেখক — তার পরিচয় দিন। ১৫

৬। ক) "চলে না এলে কী করে বুঝতাম ওখানে ওমনিভাবে থাকা ছাড়া আমার গতি নেই ?" — কে, কাকে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছে ? ১ + ১ + ৩ = ৫

অথবা

"রাজপুত্র প্রবীরকে স্বামী হিসাবে পাইয়া মতির সুখের সীমা নাই" — 'রাজপুত্র প্রবীর' কাকে বলা হয়েছে ? তার চারিত্রিক বৈশিষ্ট্য খুব সংক্ষেপে উল্লেখ করুন। ১ + ৪ = ৫

খ) "আজ বাঁচার চেয়ে মৃত্যু ভালো" — কাদের গানে এই পংক্তি ছিল ? এ গানের রচয়িতা ও সুরকার আসলে কে ? পংক্তিটির অর্থ বুঝিয়ে দিন। ১ + ২ + ২ = ৫

অথবা

"কেন জমি ছাড়ব কেন ? জঙ্গল আমাদের নয় ? জমি আমাদের নয় ?" — কারা ভেবেছে এ কথা ? এই ভাবনার প্রসঙ্গটি সংক্ষেপে বিবৃত করুন। ১ + ৪ = ৫

গ) "ওঃ আমাদের ডাক্তারবাবুর কন্যা" — কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গটি বুঝিয়ে লিখুন। ১ + ১ + ৩ = ৫

অথবা

"আমি চললুম, আমাকে খুঁজতে চেষ্টা কোরো না। করলেও খুঁজে পাবে না।" — প্রসঙ্গ উল্লেখপূর্বক উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করুন। ৫

ঘ) "মৃত্তিকার স্নেহের মতো শ্যামল একটি অসহায় ছেলে সেখানে এসেছে কিসের খোঁজে ?" — কে, কোথায়, কিসের খোঁজে এসেছে ? যার খোঁজে এসেছিল তার খোঁজ সে কি পেয়েছে ? ১ + ১ + ১ + ২ = ৫

অথবা

"লটারির টিকিট না কিনলে লটারিতে টাকা পাবার উপায় নাই, ভোটে না দাঁড়ালে এম.এল.এ. হবার উপায় নাই" — মন্তব্যটি কার ? উদ্ধৃতাংশটির তাৎপর্য বুঝিয়ে লিখুন। ১ + ৪ = ৫

৬) "মদন পেঁপে চারাটা চুরি করে নিয়ে যায়নি। আমার বারবার মনে হচ্ছিল পেঁপে চারাটাই মদনকে আমাদের বাড়ি থেকে চুরি করে নিয়ে গেছে।" — কে, কোথায় উক্তিটি করেছে ? এর তাৎপর্য বুঝিয়ে লিখুন।

১ + ১ + ৩ = ৫

অথবা

"তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে" — কে, কাকে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছে, বুঝিয়ে লিখুন। ১ + ১ + ৩ = ৫

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

Part – III

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

সময় ঃ ৪ ঘন্টা | পূর্ণমান ঃ ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক ।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

১। যে কোনও **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২ × ১০ = ২০

ক) রম্যরচনা কোন্ কোন্ গুণে রমণীয় হয়ে ওঠে ? রম্যরচনা ও লঘুরচনা কি একজাতের ? বাংলা সাহিত্যের একটি সফল রম্যরচনা সম্পর্কে আলোকপাত করুন । ৩ + ৩ + ৪

খ) ব্যক্তিগত ডায়েরি কীভাবে বহুজনের আস্বাদ্য হয়ে ওঠে ? একটি সাহিত্য-পদবাচ্য ডায়েরির বিষয় ও রীতি বিশ্লেষণ করুন । ৪ + ৬

গ) একালের সাহিত্য সমালোচনার যে কোনো দুটি পদ্ধতি দৃষ্টান্তসহ আলোচনা করুন । ৫ + ৫

ঘ) সংক্ষিপ্ত পরিচয় দিন (যে কোনও **দুটি**) ঃ ৫ + ৫

অ) পত্রসাহিত্য

আ) তুলনামূলক সমালোচনা পদ্ধতি

ই) ভ্রমণ সাহিত্য ।

২। ক) "আমি অনেক অনুসন্ধান করিয়া দেখিয়াছি, পরের জন্য আত্মবিসর্জন ভিন্ন পৃথিবীতে স্থায়ী সুখের অন্য কোন মূল নাই ।" — উদ্ধৃতিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত ? প্রবন্ধের মূল উপজীব্য বিষয়টির প্রতি আলোকপাত করে বঙ্কিমচন্দ্রের জীবনদর্শনের পরিচয় দিন । ১ + ৭ + ৭

অথবা

খ) বাংলা গদ্যধারায় 'কমলাকান্তের দপ্তর' এক্ নতুন গদ্যরীতির প্রবর্তন করেছিল — এই মত কতদূর গ্রহণযোগ্য বলে আপনি মনে করেন যুক্তিসহ দেখান । ১৫

৩। ক) "এই জন্যে স্বর্গের উপর আড়ি করে আমি আমার দরিদ্র মায়ের ঘর আরো বেশি ভালোবাসি।" — 'এই জন্যে' বলতে লেখক কোন্ কারণটি বুঝিয়েছেন ? তাঁর সুগভীর মর্ত্যপ্রীতির মধ্যে প্রকৃতির মাতৃস্বরূপ কীভাবে অনুভূত হয়েছে, পঠিত পত্রের সূত্রে আলোচনা করুন। ৬ + ৯

অথবা

খ) কোনো সমালোচক 'ছিন্নপত্র'-কে বলেছেন 'পদ্মাতীরের পত্রকাব্য'। — আপনি এই অভিমত সমর্থন করেন কি না, তা প্রাসঙ্গিক নিদর্শনসহ বিচার করুন। ১৫

৪। ক) "সব ছবিরই দুটো দিক থাকে", — এই দুটি দিক কী কী এবং তা পটুয়া শিল্পে কীভাবে আত্মপ্রকাশ করেছে ? অন্যান্য দেশের প্রাগৈতিহাসিক শিল্পের সঙ্গে আমাদের পটুয়া শিল্পের প্রভেদ কোথায় লেখকের অনুসরণে বুঝিয়ে দিন। ৭ + ৮

অথবা

খ) মাতৃভাষায় বিজ্ঞানচর্চা বিষয়ে সত্যেন্দ্রনাথ বসুর অভিমত কতদূর যুক্তিসঙ্গত সে বিষয়ে নিজের অভিমত জানান। ১৫

৫। ক) "ঈশ্বর গুপ্ত বাংলার কবি" — এই বক্তব্যটি বঙ্কিমচন্দ্র কোন্ অর্থে প্রয়োগ করেছিলেন ? বিষ্ণু দে তাঁর প্রবন্ধে বক্তব্যটিকে কীভাবে ব্যাখ্যা করেছেন বুঝিয়ে দিন। ৫ + ১০

অথবা

খ) "রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ — ইহার অলীকতা এবং অবাস্তবতা।" — অলীকতা ও অবাস্তবতা শব্দদুটিকে রূপকথা প্রসঙ্গে ব্যাখ্যা করুন। এ বিষয়ে লেখকের মতামতের গ্রহণযোগ্যতা সম্বন্ধে আপনার অভিমত ব্যক্ত করুন। ৮ + ৭

৬। নিম্নলিখিত যে-কোনও **একটি** বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করুন ঃ ১ × ২০ = ২০

ক) প্রাগাধুনিক বাংলা সাহিত্যে সমাজচিত্র

খ) বাংলা মঙ্গলকাব্যে পৌরাণিক ও লৌকিক চেতনা

গ) ঊনবিংশ শতাব্দীর বাংলা কাব্য-কবিতায় ক্লাসিক আদর্শ

ঘ) বাংলা প্রহসনের গতিপ্রকৃতি

ঙ) রবীন্দ্র উপন্যাসে নারী চরিত্র

চ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বৈজ্ঞানিক চেতনা।

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART– III (Honours)

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) কালিদাসের দুটি নাটক অবলম্বনে তাঁর নাট্যপ্রতিভার পরিচয় দিন। $৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$ = ১৫

খ) বাণভট্টের রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে সংস্কৃত সাহিত্যে তাঁর স্থান নির্ণয় করুন। ১০ + ৫ = ১৫

গ) জয়দেবের ব্যক্তি পরিচয় ও আবির্ভাবকালের পরিচয় দিয়ে তাঁর রচিত 'গীতগোবিন্দ' কাব্যের বিষয়বস্তু বিশ্লেষণ করুন। বাংলা সাহিত্যে জয়দেবের প্রভাব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন। $২\frac{১}{২} + ২\frac{১}{২}$ + ৫ + ৫ = ১৫

২। যে কোনো **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ১ × ৫ = ৫

ক) কুমারসম্ভব

খ) মৃচ্ছকটিক

গ) মালতীমাধব

ঘ) হর্ষচরিত

ঙ) উত্তর রামচরিত।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) জন কীটসের কবিকৃতির পরিচয় দিয়ে রোমান্টিক কবিদের মধ্যে তাঁর স্বাতন্ত্র্য নির্দেশ করুন। ১০ + ৫ = ১৫

খ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য বার্নার্ড শ' আধুনিক যুগের শ্রেষ্ঠ নাট্যকার ? আলোচনা করুন। ১৫

গ) চার্লস ডিকেন্সের দুটি উপন্যাসের কাহিনী সংক্ষেপে লিখুন। বাংলা সাহিত্যের কোন্ ঔপন্যাসিকের সঙ্গে তাঁর তুলনা করা হয়, ডিকেন্সের রচনার বৈশিষ্ট্য উল্লেখ করে তা দেখান। $৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$ = ১৫

৪। যে কোনো **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ১ × ৫ = ৫

ক) ম্যাকবেথ

খ) প্যারাডাইস লস্ট

গ) দ্য অয়েভারলি

ঘ) দ্য লিরিক্যাল ব্যালাডস্

ঙ) ওড্ টু দ্য ওয়েস্ট উইন্ড।

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) আধুনিক হিন্দী নাট্যসাহিত্যে ভারতেন্দু হরিশ্চন্দ্রের ভূমিকাটি বিবৃত করুন। ১৫

খ) আধুনিক হিন্দী সাহিত্যের প্রখ্যাত কবি 'নিরালা'র সাহিত্যসৃষ্টির সম্যক পরিচয় দিন। ১৫

গ) ''হিন্দী উপন্যাস সাহিত্যে প্রেমচন্দের দান অনস্বীকার্য হলেও ছোটগল্পের ক্ষেত্রে তিনি অনন্য'' — আলোচনা করুন। ১৫

৬। যে কোনো **দুটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ২ × ৫ = ১০

ক) সেবাসদন

খ) নীহার

গ) মৈলা আঁচল

ঘ) শতরঞ্জ কী খিলাড়ী

ঙ) রসুল মিস্ত্রী

চ) অনামিকা।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) 'ধ্বনিরাত্মা কাব্যস্য' — ব্যাখ্যা করুন। ১৫

খ) ''দরদী লোকের সুকাব্যজনিত চিত্তের অনুভূতি বিশেষের নামই 'রস'। সুতরাং বলা যেতে পারে কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় — সহৃদয় কাব্য পাঠকের মন'' — আলোচনা করুন। ১৫

গ) কাব্যনির্মাণ কৌশলের ক'টি ভাগ এবং কি কি ? ভাগগুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা করে কীভাবে রসোনিষ্পত্তি হয় তা দেখান। ৩ + ১২ = ১৫

৮। যে কোনো **একটি** বিষয়ে টীকা লিখুন : ১ × ৫ = ৫

ক) রীতিরাত্মা কাব্যস্য

খ) কাব্যং গ্রাহ্যম্ অলংকারাৎ

গ) বাচ্যার্থ।

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) রবীন্দ্রনাথের 'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অনুসরণে সংযমের সঙ্গে সৌন্দর্যের সম্পর্কটি বিচার করুন। ১৫

খ) "চিত্র এবং সঙ্গীত সাহিত্যের প্রধান উপকরণ।" — কোন্ রচনার অংশ ? কীভাবে চিত্র ও সঙ্গীত সাহিত্যের উপকরণ হয়ে উঠেছে তার ব্যাখ্যা করুন। ২ + ১৩ = ১৫

গ) "মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।" — মন ও সাহিত্য কেন প্রকৃতির আরশি নয় রবীন্দ্রনাথের 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দিন। ১৫